



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পূর্বধলা, নেত্রকোণা।
www.purbadhala.netrokona.gov.bd

স্মারক নম্বর:-০৫.৪৫.৭২৮৩.০০০.২৩.০০৬.১৬-

৪৯৬

তারিখ:- ১৫ এপ্রিল ২০২৪

নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পূর্বধলা উপজেলার সেচ ও নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন" শীর্ষক প্রকল্পের আওতায় নদী/খাল পুনঃখনন এবং বিল ড্রেজিং কাজসমূহ হতে খননকৃত/ড্রেজিংকৃত মাটি/বালি নিলামে বিক্রয়পূর্বক প্রাপ্ত রাজস্ব সরকারী কোষাগারে জমা প্রদান সংক্রান্ত কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক সংযুক্ত তালিকায় বর্ণিত ২৩নং ক্রমিকে সরা গাঙ্গ বিল বাদে অবশিষ্ট ২২টি নদী/বিল/খালের মধ্যে এ উপজেলার আওতাধীন নদী/বিল/খালের উত্তোলিত মাটির ৭০ ভাগ প্রকাশ্য নিলামে বিক্রয় করা হবে। নিলাম ডাকে অংশগ্রহণে আগ্রহী প্রার্থীগণকে আগামী ২১ এপ্রিল ২০২৪ তারিখ বিকাল ০৩:০০ ঘটিকায় উপজেলা পরিষদ সভাকক্ষ, পূর্বধলা, নেত্রকোণায় উপস্থিত থেকে নিলাম ডাকে অংশগ্রহণ করার জন্য বলা হলো।

শর্তাবলীঃ

০১. মাটি/বালি নিলাম ডাকে অংশগ্রহণকারীগণকে জামানত স্বরূপ ২০,০০০/- (বিশ হাজার) টাকা ও নিলামডাকের ব্যয়ভার মিটানোর জন্য অফেরতযোগ্য ৫০০/- টাকা জমাদান করতঃ নাম এন্ট্রি করে বিডসিটে স্বাক্ষর করে নিলাম ডাকে অংশগ্রহণ করতে হবে।
০২. নিলাম ডাকে সাধারণত সর্বোচ্চ ডাককারীর ডাক গ্রহণ করা হবে।
০৩. সর্বোচ্চ ডাককারীকে নিলাম ডাক গৃহীত হওয়ার সাথে সাথে ১৫% ভ্যাট ও ১০% আয়কর ও নিলাম ডাকের সাকুল্য অর্থ নির্ধারিত কোডে চালানের মাধ্যমে জমা প্রদান করতঃ চালান কপি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে জমা দিতে হবে।
০৪. পূর্বধলা উপজেলার সেচ ও নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন" শীর্ষক প্রকল্পের আওতায় নদী/খাল পুনঃখনন এবং বিল ড্রেজিং কাজসমূহ হতে খননকৃত/ড্রেজিংকৃত মাটি/বালি নিলাম কমিটির সিদ্ধান্তমতে প্রতি ঘনফুট মাটি/বালির মূল্য ১৭.৬৫ টাকা নির্ধারণ করা হয়েছে।
০৫. কোন কারণে সর্বোচ্চ ডাককারী বা গৃহীত ডাককারী নিলাম ডাকের টাকা পরিশোধে ব্যর্থ হলে তার ডাক বাতিল বলে গণ্য হবে এবং জামানতের টাকা সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে।
০৬. সর্বোচ্চ ডাককারী বা গৃহীত ডাককারী ডাকের টাকা পরিশোধে ব্যর্থতার কারণে তার ডাক বাতিল হলে দ্বিতীয় সর্বোচ্চ ডাককারীর ডাক গ্রহণ করা হতে পারে অথবা পুনরায় নিলামের তারিখ ধার্যক্রমে পুনঃ নিলাম ডাকের ব্যবস্থা করা হতে পারে অথবা নিলাম কমিটির সিদ্ধান্ত অনুসারে ব্যবস্থা গ্রহণ করা হতে পারে।
০৭. নিলাম ডাক কার্যক্রম সমাপ্তির সাথে সাথে নিলাম ডাকে অংশগ্রহণকারীদের জামানতের সাকুল্য টাকা ফেরত প্রদান করা হবে।
০৮. নিলাম ডাকে কাঙ্ক্ষিত মূল্য না হলে কর্তৃপক্ষ পুনরায় বিজ্ঞপ্তির মাধ্যমে নিলামের ব্যবস্থা গ্রহণ করতে পারবেন।
০৯. কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন ডাক বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(মোঃ খাবিরুল আহসান)
উপজেলা নির্বাহী অফিসার
পূর্বধলা, নেত্রকোণা।
ফোন-০২৯৯৬৬৫৪২৩২

ইমেইলঃ unopurbadhala@mopa.gov.bd

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:-

১. মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৬১, নেত্রকোণা-৫।
২. মাননীয় জাতীয় সংসদ সদস্য, সংরক্ষিত মহিলা আসন-৩২২।
৩. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৪. জেলা প্রশাসক, নেত্রকোণা।
৫. পুলিশ সুপার, নেত্রকোণা।
৬. নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, নেত্রকোণা।
৭. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পূর্বধলা, নেত্রকোণা।
৮. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), নেত্রকোণা, ও সভাপতি "নেত্রকোণা জেলার পূর্বধলা উপজেলার সেচ ও নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন" শীর্ষক প্রকল্পের আওতায় নদী/খাল পুনঃখনন এবং বিল ড্রেজিং কাজসমূহ হতে খননকৃত/ড্রেজিংকৃত মাটি/বালি নিলামে বিক্রয়পূর্বক প্রাপ্ত রাজস্ব সরকারী কোষাগারে জমা প্রদান সংক্রান্ত কমিটি।
৯. অফিসার ইনচার্জ, পূর্বধলা, নেত্রকোণা। (নিলাম বিজ্ঞপ্তির উল্লিখিত তারিখ ও সময়ে আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স মোতায়েনের অনুরোধসহ)
১০. উপজেলা প্রকৌশলী (এলজিইডি), পূর্বধলা, নেত্রকোণা।
১১. চেয়ারম্যান..... ইউনিয়ন পরিষদ (সকল), পূর্বধলা, নেত্রকোণা।
১২. সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, পূর্বধলা, নেত্রকোণা। (তাকে নোটিশটি ওয়েবপোর্টালে প্রকাশের অনুরোধসহ)
১৩. নোটিশ বোর্ড।